

💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২০৫০

৭. শিকার অধ্যায় (كتاب الصيد)

পরিচ্ছেদঃ ৬. সাগরের শিকার সম্পর্কে

بَابِ فِي صَيْدِ الْبَحْرِ

আরবী

أَخْبَرَنَا زَكَرِيَّا بْنُ عَدِيٍّ حَدَّثَنَا ابْنُ عُيَيْنَةَ عَنْ عَمْرِهِ يَعْنِي ابْنَ دِينَارٍ عَنْ جَابِرٍ قَالَ بَعَثَنَا رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فِي تَلَاثِ مِائَةٍ فَأَصنَابَنَا جُوعٌ حَتَّى أَتَيْنَا الْبَحْرَ وَقَدْ وَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فِي تَلَاثِ مِائَةٍ فَأَصنَابَنَا جُوعٌ حَتَّى أَتَيْنَا الْبَحْرَ وَقَدْ قَذَفَ دَابَّةً فَأَكُلْنَا مِنْهَا حَتَّى ثَابَتْ أَجْسَامُنَا فَأَخَذَ أَبُو عُبَيْدَةَ ضِلْعًا مِنْ أَضْلَاعِهَا فَوَضَعَهُ ثُمَّ حَمَلَ أَطْوَلَ رَجُلٍ فِي الْجَيْشِ عَلَى أَعْظَم بَعِيرٍ فِي الْجَيْشِ فَمَرَّ تَحْتَهُ هَذَا مَعْنَاهُ ثُمَّ حَمَلَ أَطْوَلَ رَجُلٍ فِي الْجَيْشِ عَلَى أَعْظَم بَعِيرٍ فِي الْجَيْشِ فَمَرَّ تَحْتَهُ هَذَا مَعْنَاهُ

বাংলা

২০৫০. জাবির ইবন আবদুল্লাহ রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাদেরকে এক অভিযানে প্রেরণ করেন। আমরা ছিলাম তিনশত জন। এক সময় (আমাদের খাদ্য নিঃশেষ হওয়ায়) আমরা ক্ষুধায় কাতর হলাম। আমরা এভাবে সাগরে পৌঁছে গেলাম। সেখানে সাগর (এর ঢেউ) একটা মাছ পাড়ে নিক্ষেপ করলো। আমরা তা আহার করলাম এবং আমাদের দেহগুলি হুষ্টপুষ্ট হয়ে গেলো। তারপর আবৃ উবায়দাহ (রাঃ) সে মাছের পাঁজর হতে দু'টো কাঁটা নিয়ে দাঁড় করালেন। দলের সবচেয়ে লম্বা লোকটি দলের সবচেয়ে বড় উটেটিকে তার পাঁজরের নীচ দিয়ে চালিয়ে নিয়ে গেল (কিন্তু উটের দেহ সে দু'টো কাঁটা স্পর্শ করল না)। এটি এর অর্থ।[1]

ফুটনোট

[1] তাহকীক্ব: এর সনদ সহীহ । এটি বুখারী ও মুসিলিমের সম্মিলিত বর্ণনা।

তাখরীজ: বুখারী, শিরকাহ নং ২৪৮৩; মুসলিম, সাইদ ওয়ায যাবাইহ ১৯৩৫;

আমরা এর পূর্ণ তাখরীজ দিয়েছি মুসনাদুল মাউসিলী নং ১৭৮৬, ১৯২০, ১৯৫৪, ১৯৫৫; সহীহ ইবনু হিব্বান নং ৫২৫৯, ৫২৬০, ৫২৬১, ৫২৬২ ও মুসনাদুল হুমাইদী নং ১২৭৮ তে।



হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন